গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
শৃঙ্খলা-৩ শাখা
www.mopa.gov.bd

**জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান বিষয়ক ৪র্থ প্রান্তিকের (এপ্রিল-জুন/২০২২) সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব কে এম আলী আজম<br>সিনিয়র সচিব<br>জনপ্রশাসন মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৬ জুন ২০২২ |
| সময় | : | বিকাল ০৩.৪৫ মিনিট |
| স্থান | : | জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করা হয়। সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

ক. পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;
খ. পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ৪র্থ প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান; এবং
গ. বিবিধ আলোচনা।

**আলোচ্যসূচি-ক : পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ**

সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং কমিটির সকল সদস্যকে কার্যবিবরণীর কপি সরবরাহ করা হয়। কোন সংশোধনী না থাকায় কমিটির সদস্যগণের সম্মতিতে পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

**আলোচ্যসূচি-খ : পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ৪র্থ প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান-**

এ পর্যায়ে আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে গৃহীত কার্যক্রম বিষয়ক তথ্য এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ৪র্থ প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ধারাবাহিকভাবে পেশ করা হয়। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

| ক্রমিক ও দপ্তর/সংস্থার নাম | আলোচ্য বিষয়/আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা। | সভাকে অবহিত করা হয় যে, ৩য় প্রান্তিকের ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে :<br>(১) বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে এবং অগ্রগতি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>(২) ৩য় প্রান্তিকের বাস্তবায়িত লক্ষ্যমাত্রা সমূহের প্রমাণক বিশেষ বাহক মারফত ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত লক্ষ্যমাত্রা সমূহের প্রমাণক নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা। |

| | | | |
|---|---|---|---|
| | (৩) ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান জুন ২০২২ মাসের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণয়নকৃত নতুন নীতিমালা অনুযায়ী প্রদান করা হবে।<br><br>এছাড়া সভাকে অবহিত করা হয় যে, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এ ক্ষেত্রে যেসকল কার্যক্রম গৃহীত হয়েছে তাহলো :<br><br>(১) বিপিএটিসি'র ৪র্থ প্রান্তিকের নৈতিকিতা কমিটির সভা গত ২৩ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে।<br><br>(২) প্রাপ্ত প্রতিবেদন মোতাবেক নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত ১০০% বাস্তবায়িত হয়েছে।<br><br>(৩) ৪র্থ প্রান্তিকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের একটি সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>(৪) ৪র্থ প্রান্তিকে শুদ্ধাচার সংক্রান্ত একটি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।<br><br>(৫) গত ২৫ জুন ২০২২ তারিখ কর্মপরিবেশ উন্নয়ন বিষয়ক কার্যক্রম গৃহীত হয়েছে।<br><br>(৬) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ এবং বিপিএটিসি'র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br><br>(৭) আওতাধীন আঞ্চলিক কেন্দ্র কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর নির্ধারিত সময়ে ফিডব্যাক প্রদান করা হয়েছে।<br><br>(৮) আগামী ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হবে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।<br><br>(৯) প্রকল্পের ০২টি PIC ও PSC সভা করার লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। যা অর্জিত হয়েছে।<br><br>(১০) ৪র্থ প্রান্তিকে বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ছিল ১০০%। প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের প্রকৃত অর্জন হলো ৪৯.২৩%।<br><br>(১১) প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ হস্তান্তরের জন্য ৩০ জুন ২০২২ তারিখ নির্ধারিত ছিল। প্রাপ্ত প্রতিবেদনে প্রকল্প সমাপ্তি সাপেক্ষে সম্পদ হাস্তান্তর করা হবে মর্মে উল্লেখ করা হয়েছে। | | |

| | | | |
|---|---|---|---|
| | (১২) ৪র্থ প্রান্তিকে কর্মচারীদের প্রশিক্ষণ সংক্রান্ত ডাটাবেইজ হালনাগাদকরণের কার্যক্রম সম্পন্ন করার নিমিত্ত ৩০ জুন ২০২২ তারিখ নির্ধারণ করা হয়েছে। যা নির্ধারিত সময়ে সম্পন্ন হবে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।<br><br>(১৩) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪র্থ প্রান্তিকে ০২টি দুর্নীতি বিরোধী সভা আয়োজন করা হয়েছে।<br><br>(১৪) দরপত্র ও বাজেট বাস্তবায়ন অগ্রগতি ইজিপিতে অন্তর্ভুক্তকরণের বিষয়ে ৪র্থ প্রান্তিকে ৮০% কার্যক্রম সম্পন্নকরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। যা ১০০% অর্জিত হয়েছে।<br><br>(১৫) পূর্ববর্তী কোর্সের প্রশিক্ষণার্থীদের মতামত পরবর্তী কোর্সে বাস্তবায়ন বিষয়ে ৪র্থ প্রান্তিকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।<br><br>(১৬) Plagiarism চেকিং সফটওয়্যার ব্যবহার করে কোর কোর্সের প্রশিক্ষণার্থীদের এ্যাসাইনমেন্ট চেকিং নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন হয়েছে। | | |
| ২. বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি | সভাকে অবহিত করা হয় যে, ৩য় প্রান্তিকের ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে :<br><br>(ক) বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমির ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।<br><br>(খ) গত ১৫ মার্চ ২০২২ তারিখ ০৫.০২.০০০০.০২৪.০০.০০৭.২১-১৩৫ নম্বর পত্র মূলে ৩য় প্রান্তিকের বাস্তবায়িত লক্ষ্যমাত্রাসমূহের সকল প্রমাণক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>(গ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণয়নকৃত নতুন নীতিমালা অনুযায়ী গত ২০ জুন ২০২২ তারিখে একাডেমির শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তদের নির্বাচন সম্পন্ন করে অফিস আদেশ জারি করা হয়েছে এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা একাডেমির ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। আগামী ২৮ জুন ২০২২ তারিখে একাডেমির ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান অনুষ্ঠান একাডেমির অটিটোরিয়ামে অনুষ্ঠিত হবে।<br><br>এছাড়া সভাকে অবহিত করা হয় যে, বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমির ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এ ক্ষেত্রে যেসকল কার্যক্রম গৃহীত হয়েছে তাহলো : | বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমির ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত লক্ষ্যমাত্রা সমূহের প্রমাণক নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি |

| | | | |
|---|---|---|---|
| | (১) বিসিএস প্রশাসন একাডেমির ৪র্থ প্রান্তিকের নৈতিকিতা কমিটির সভা গত ১০ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে।<br><br>(২) প্রাপ্ত প্রতিবেদন মোতাবেক নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত ১০০% বাস্তবায়িত হয়েছে।<br><br>(৩) ৪র্থ প্রান্তিকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের কার্যক্রমে কোনো লক্ষ্যমাত্রা ছিল না। তবে এ অর্থবছরে লক্ষ্যমাত্রা অনুসারে ০২টি সভার আয়োজন করা হয়েছে।<br><br>(৪) গত ০৫ মে ২০২২ তারিখ কর্মপরিবেশ উন্নয়ন বিষয়ক কার্যক্রম গৃহীত হয়েছে।<br><br>(৫) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ এবং বিসিএস প্রশাসন একাডেমির ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br><br>(৬) ২০ জুন ২০২২ তারিখে একাডেমির শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তদের নির্বাচন সম্পন্ন করে অফিস আদেশ জারি করা হয় এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা একাডেমির ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।<br><br>(৭) প্রকল্পের ০১টি PIC ও ০১টি PSC সভা করার লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। ০২টি PSC ও ০১টি PIC আয়োজন করা হয়েছে। যা অর্জিত হয়েছে।<br><br>(৮) ৪র্থ প্রান্তিকে বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ছিল ১০০%। প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের প্রকৃত অর্জন হলো ৭৩%।<br><br>(৯) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪র্থ প্রান্তিকে একটি দুর্নীতি বিরোধী উদ্বুদ্ধমূলক সভার আয়োজন করা হয়েছে।<br><br>(১০) শুদ্ধাচার কর্মপরিকল্পনা সংক্রান্ত স্লোগান তৈরি করে বিসিএস প্রশাসন একডেমির দৃশ্যমান স্থানে স্থাপন করা হয়েছে।<br><br>(১১) শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী গত ০২ জুন ২০২২ তারিখ আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণে উত্ত চর্চার অনুশীলন বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রশিক্ষণার্থীদের দৈনন্দিন কার্যক্রমে উত্তম চর্চার অনুশীলন সংক্রান্ত বিষয়াদি প্রশিক্ষণার্থীদের সামনে তুলে ধরা হয়। | | |

| | | | |
|---|---|---|---|
| | (১২) প্রশিক্ষণ মডিউলে শুদ্ধাচার কৌশল সংক্রান্ত বিশেষ পাঠদানের ব্যবস্থাকরণ বিষয়ে ৪র্থ প্রান্তিকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | | |
| ৩. বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন | সভাকে অবহিত করা হয় যে, ৩য় প্রান্তিকের ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে :<br><br>(ক) বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জন যথাযথ বাস্তবায়ন অব্যাহত রয়েছে।<br><br>(খ) ৩য় প্রান্তিকের বাস্তবায়িত লক্ষ্যমাত্রা সমূহের প্রমাণক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>(গ) সিদ্ধান্ত অনুসারে আগামী ৩০ জুনের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হবে।<br><br>এছাড়া সভাকে অবহিত করা হয় যে, বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন-এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এ ক্ষেত্রে যেসকল কার্যক্রম গৃহীত হয়েছে তাহলো :<br><br>(১) বিয়াম এর ৪র্থ প্রান্তিকের নৈতিকিতা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>(২) প্রাপ্ত প্রতিবেদন মোতাবেক নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত ১০০% বাস্তবায়িত হয়েছে।<br><br>(৩) ৪র্থ প্রান্তিকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের সভা প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী অর্জিত হয়নি।<br><br>(৪) ৪র্থ প্রান্তিকে ১৫ জন কর্মকর্তাকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। যা ৩০ জুনের মধ্যে প্রদান করা হবে।<br><br>(৫) সর্বশেষ ৩১ মার্চ ২০২২ তারিখ কর্মপরিবেশ উন্নয়ন বিষয়ক কার্যক্রম গৃহীত হয়েছে।<br><br>(৬) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ এবং বিয়াম এর ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br><br>(৭) গত ২৫ মে ২০২২ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।<br><br>(৯) প্রকল্পের PIC ও PSC সভা করার নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত লক্ষ্যমাত্রা সমূহের প্রমাণক নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন |

| | | | |
|---|---|---|---|
| | (১০) ৪র্থ প্রান্তিকে বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ছিল ১০০%। প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের প্রকৃত অর্জন হলো ১০০%।<br><br>(১১) প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ হস্তান্তরের জন্য ২৮ জুন ২০২২ তারিখ নির্ধারিত ছিল। প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী সকল প্রকল্প চলমান রয়েছে বিধায় এ কার্যক্রম প্রয়োজ্য নয়।<br><br>(১২) বিয়াম হোস্টেলে সিট বরাদ্দের ক্ষেত্রে ই-পেমেন্ট আধুনিকায়নের কাজ ৪র্থ প্রান্তিকর লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০০% বাস্তবায়িত হয়েছে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।<br><br>(১৩) বিয়াম ফাউন্ডেশনে প্রশিক্ষণের ক্ষেত্রে প্রশিক্ষণ সফটওয়্যার চালুকরণ সংক্রান্ত কার্যক্রম ৪র্থ প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০০% বাস্তবায়িত হয়েছে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।<br><br>(১৪) বিয়াম ক্যান্টিনের হিসাব অনলাইনে অন্তর্ভুক্তকরণ ৪র্থ প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০০% বাস্তবায়িত হয়েছে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।<br><br>(১৫) বিয়াম ক্যাম্পাসে ২২ জুন ২০২২ তারিখের মধ্যে সিসি ক্যামেরা স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। যা সম্পন্ন হয়েছে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।<br><br>(১৬) ২৬ জুন ২০২২ তারিখের মধ্যে ডিজিটাল হাজিরা হালনাগাদকরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। যা সম্পন্ন হয়েছে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। | | |
| ৪. বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড | সভাকে অবহিত করা হয় যে, ৩য় প্রান্তিকের ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে :<br><br>(ক) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিকরণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br><br>(খ) ৩য় প্রান্তিকের বাস্তবায়িত লক্ষ্যমাত্রাসমূহের প্রমাণক ১৩.০৪.২০২২ তারিখের ০৫.৮১.০০০০.০০৭.৩৭.০১১.২২-২৩২ নং স্মারকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>(গ) ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার মনোনয়ন ১৬/০৪/২০২২ তারিখে সম্পন্ন হয়েছে। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত লক্ষ্যমাত্রা সমূহের প্রমানক নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড |

| | | | |
|---|---|---|---|
| | এছাড়া সভাকে অবহিত করা হয় যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড-এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এ ক্ষেত্রে যেসকল কার্যক্রম গৃহীত হয়েছে তাহলো :<br>(১) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৪র্থ প্রান্তিকের নৈতিকিতা কমিটির সভা গত ০৫ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে।<br>(২) প্রাপ্ত প্রতিবেদন মোতাবেক নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত ১০০% বাস্তবায়িত হয়েছে।<br>(৩) ৪র্থ প্রান্তিকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের একটি সভা ২৫ মে ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে।<br>(৪) ৪র্থ প্রান্তিকে শুদ্ধাচার সংক্রান্ত একটি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।<br>(৫) গত ০৫ জুন ২০২২ তারিখ কর্মপরিবেশ উন্নয়ন বিষয়ক কার্যক্রম গৃহীত হয়েছে।<br>(৬) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ এবং কর্মচারী কল্যাণ বোর্ড এর ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br>(৭) আওতাধীন আঞ্চলিক কেন্দ্র কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর নির্ধারিত সময়ে ফিডব্যাক প্রদান করা হয়েছে।<br>(৮) আগামী ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হবে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।<br>(৯) বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যমাত্রা প্রযোজ্য নয় উল্লেখ করা হয়েছে।<br>(১০) বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের পেনশন ইএফটি-এর মাধ্যমে প্রেরণ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ছিল ২০ জুন ২০২২। এ কার্যক্রম ১০ এপ্রিল ২০২২ তারিখের মধ্যে বাস্তবায়িত হয়েছে।<br>(১১) সেবাগ্রহীতাদের সেবার অর্থ মঞ্জুরির বিষয়টি ৪র্থ প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০০% মোবাইলে অবহিত করা হচ্ছে।<br>(১২) বিভাগীয় পর্যায়ে সেবা খাতের মঞ্জুরিকৃত অর্থ ও ব্যাংক হিসাবের সাথে সমন্বয় সংক্রান্ত সভা গত ০৫ জুন ২০২২ তারিখে আয়োজন করা হয়েছে। | | |

| | | | |
|---|---|---|---|
| | (১৩) ভাল কাজের ভিত্তিতে ত্রৈমাসিক সেরা কর্মচারী নির্বাচন ও পুরস্কৃতকরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য ৪র্থ প্রান্তিকে ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করা হবে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। | | |
| ৫. মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর | সভাকে অবহিত করা হয় যে, ৩য় প্রান্তিকের ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে :<br><br>(ক) ২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন নির্দেশিকা অনুযায়ী মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা প্রস্তুত করে এ অধিদপ্তরের ১০/০৬/২০২১ তারিখের ৮২৮ সংখ্যক স্মারকমূলে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। এ কার্যালয়ের ২৭/৯/২০২১ তারিখের ১৬৭৮ সংখ্যক স্মারকে ১ম ত্রৈমাসিক প্রতিবেদন, ২০/১২/২০২১ তারিখের ২৩১৯ সংখ্যক স্মারকে ২য় ত্রৈমাসিক ১৪/৩/২০২২ তারিখের ২৯৫৯ সংখ্যক স্মারকের মাধ্যমে ৩য় ত্রৈমাসিক এবং ২০/৬/২০২২ তারিখের ৩৬৫৬ সংখ্যক স্মারকের মাধ্যমে ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>(খ) ৩য় প্রান্তিকের বাস্তবায়িত লক্ষ্যমাত্রাসমূহের প্রমাণক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>(গ) শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অনুযায়ী মুদ্রণ ও প্রকাশনা অধিপ্তরের ২০২১-২২ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য ৭ সদস্য বিশিষ্ট একটি বাছাই কমিটি গঠন করা হয়। গত ২৯/৫/২০২২ তারিখে উক্ত বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় অধিদপ্তরের ৪ জন কর্মকর্তা/কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ৭/৬/২০২২ তারিখের ৩৫২৩ সংখ্যক স্মারকের মাধ্যমে একটি অফিস আদেশ জারি করা হয়েছে তা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।<br><br>এছাড়া সভাকে অবহিত করা হয় যে, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর-এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এ ক্ষেত্রে যেসকল কার্যক্রম গৃহীত হয়েছে তাহলো :<br><br>(১) মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর এর ৪র্থ প্রান্তিকের নৈতিকিতা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>(২) প্রাপ্ত প্রতিবেদন মোতাবেক নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত ১০০% বাস্তবায়িত হয়েছে। | মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত লক্ষ্যমাত্রা সমূহের প্রমাণক নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| | (৩) ৪র্থ প্রান্তিকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের একটি সভা অনুষ্ঠিত হয়েছে।<br>(৪) ৪র্থ প্রান্তিকে শুদ্ধাচার সংক্রান্ত একটি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।<br>(৫) গত ১৬ জুন ২০২২ তারিখ কর্মপরিবেশ উন্নয়ন বিষয়ক কার্যক্রম গৃহীত হয়েছে।<br>(৬) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ এবং মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর এর ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br>(৭) আওতাধীন আঞ্চলিক কেন্দ্র কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর নির্ধারিত সময়ে ফিডব্যাক প্রদান করা হয়েছে।<br>(৮) ২৮ জুন ২০২২ তারিখে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।<br>(৯) প্রকল্পের ০২টি PIC ও PSC সভা করার লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। যা অর্জিত হয়েছে।<br>(১০) ৪র্থ প্রান্তিকে বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ছিল ১০০%। বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের প্রকৃত অর্জন ১০০%।<br>(১১) প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ হস্তান্তরের জন্য ৩০ জুন ২০২২ তারিখ নির্ধারিত ছিল। এ অর্থবছরে কোন প্রকল্প শেষ হবে না মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।<br>(১২) অগ্রাধিকারভিত্তিতে পেনশন নিষ্পত্তি সংক্রান্ত কার্যক্রম শতভাগ বাস্তবায়িত হয়েছে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।<br>(১৩) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী কারিগরি কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>(১৪) শুদ্ধাচার কর্মপরিকল্পনায় সহজে সেবা প্রদানের লক্ষ্যে সেবা গ্রহীতাদের নিয়ে ০১টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। যা আয়োজন করা হয়েছে।<br>(১২) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ক্রয়ের ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানকে প্রাধান্য দেয়া হয়। | | |
| ৬. সরকারি যানবাহন অধিদপ্তর | সভাকে অবহিত করা হয় যে, ৩য় প্রান্তিকের ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে : | সরকারি যানবাহন অধিদপ্তর এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার | সরকারি যানবাহন অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| | (১) শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ৪র্থ প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জনে যথাযথ ব্যবস্থা গৃহীত হয়েছে। উক্ত প্রান্তিকের শতকরা ১০০ ভাগ লক্ষ্যমাত্রা ইতোমধ্যে অর্জিত হয়েছে।<br>(২) ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রাসমূহের প্রমাণক ইতোমধ্যে স্মারক নং-০৫.০৩.০০০০.০০৫.০০৭.২১-১৭৬ তারিখ ১১/০৪/২০২২ এর মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণোলয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>এছাড়া সভাকে অবহিত করা হয় যে, সরকারি যানবাহন অধিদপ্তর-এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এ ক্ষেত্রে যেসকল কার্যক্রম গৃহীত হয়েছে তাহলো :<br><br>(১) সরকারি যানবাহন অধিদপ্তর এর ৪র্থ প্রান্তিকের নৈতিকিতা কমিটির সভা ২২ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে।<br><br>(২) ৪র্থ প্রান্তিকে নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত ১০০% বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। গৃহীত সিদ্ধান্ত ১০০% বাস্তবায়িত হয়েছে।<br><br>(৩) ৪র্থ প্রান্তিকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের সভা ১৮ মে ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে।<br><br>(৪) শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা ১ম থেকে ৩য় প্রান্তিকে অর্জিত হয়েছে।<br><br>(৫) গত ০২ জুন ২০২২ তারিখ কর্মপরিবেশ উন্নয়ন বিষয়ক কার্যক্রম গৃহীত হয়েছে।<br><br>(৬) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ এবং সরকারি যানবাহন অধিদপ্তর এর ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br><br>(৭) আগামী ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হবে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।<br><br>(৮) জেলা পুল ও উপজেলা প্রশাসন এর গাড়ি মেরামত কার্যক্রমের স্বচ্ছতা বৃদ্ধি বিষয়ক লক্ষ্যমাত্রা ৪র্থ প্রান্তিকে ১০০% বাস্তবায়িত হয়েছে।<br><br>(৯) ৪র্থ প্রান্তিকের লক্ষমাত্রা মোতাবেক ভেহিক্যাল ট্রাকার রিডিং অনুযায়ী গাড়ীতে জ্বালানি সরবরাহ কার্যক্রম ৯০% বাস্তবায়িত হয়েছে।<br><br>(১০) ৪র্থ প্রান্তিকের লক্ষমাত্রা মোতাবেক মোবাইল এ্যাপের মাধ্যমে দ্রুততম সময়ে ব্যাটারী, টায়ার, টিউব সরবরাহ কার্যক্রম | বাস্তবায়িত লক্ষ্যমাত্রা সমূহের প্রমাণক নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| | ৮০% বাস্তবায়িত হয়েছে।<br>(১১) গাড়ীর খুচরা যন্ত্রাংশ ক্রয়/সংগ্রহ কার্যক্রমে অনিয়ম প্রতিরোধ বিষয়ে ৪র্থ প্রান্তিকে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে মর্মে প্রতিবেদন পাওয়া গেছে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।<br>(১২) অকেজো গাড়ী নিষ্পত্তি কার্যক্রমে গতিশীলতা আনয়ন এর বিষয়ে ৪র্থ প্রান্তিকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। | | |
| ৭. সরকারি কর্মচারী হাসপাতাল | সভাকে অবহিত করা হয় যে, ৩য় প্রান্তিকের ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে :<br>১. ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।<br>২. ৩য় প্রান্তিকের বাস্তবায়িত লক্ষ্যমাত্রাসমূহের প্রমাণক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>৩. মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণয়নকৃত নতুন নীতিমালা অনুযায়ী ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান জুন ২০২২ মাসের মধ্যে প্রদান করা হবে।<br>এছাড়া সভাকে অবহিত করা হয় যে, সরকারি কর্মচারী হাসপাতাল-এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এ ক্ষেত্রে যেসকল কার্যক্রম গৃহীত হয়েছে তাহলো :<br>(১) সরকারি কর্মচারী হাসপাতাল ৪র্থ প্রান্তিকের নৈতিকিতা কমিটির সভা গত ২৩ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে।<br>(২) প্রাপ্ত প্রতিবেদন মোতাবেক নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত ১০০% বাস্তবায়িত হয়েছে।<br>(৩) ৪র্থ প্রান্তিকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের একটি সভা অনুষ্ঠিত হয়েছে।<br>(৪) ৪র্থ প্রান্তিকে শুদ্ধাচার সংক্রান্ত একটি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।<br>(৫) কর্মপরিবেশ উন্নয়ন বিষয়ক কার্যক্রম গৃহীত হয়েছে। | সরকারি কর্মচারী হাসপাতাল এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত লক্ষ্যমাত্রা সমূহের প্রমাণক নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | সরকারি কর্মচারী হাসপাতাল |

| | | | |
|---|---|---|---|
| | (৬) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ এবং সরকারি কর্মচারী হাসপাতালের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br><br>(৭) আগামী ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হবে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।<br><br>(৮) প্রকল্পের ০২টি PIC ও PSC সভা করার লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। যা অর্জিত হয়েছে।<br><br>(৯) সরকারি কর্মচারী হাসপাতালে ই-ফাইলিং চালুকরণ কার্যক্রম বাস্তবায়িত হয়েছে মর্মে প্রতিবেদন প্রেরণ করেছে।<br><br>(১০) টেলিমেডিসিন সেবার মাধ্যমে Time Visit. Cost (TVC) কমানো সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়িত হয়েছে মর্মে প্রতিবেদন প্রেরণ করেছে।<br><br>(১১) প্যাথলজিক্যাল রিপোর্ট ই-মেইলে প্রেরণ করা হচ্ছে।<br><br>(১২) স্টোরের স্বচ্ছতা প্রতিষ্ঠায় অটোমেশন চালুকরণ কার্যক্রম বাস্তবায়িত হয়েছে মর্মে প্রতিবেদন প্রেরণ করেছে।<br><br>(১৩) ক্রয় কার্যক্রমে স্বচ্ছতা প্রতিষ্ঠায় ই-টেন্ডারিং কার্যক্রম চালু করা হয়েছে। | | |

**আলোচ্যসূচি-খ: জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান:**

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন অগ্রগতির ৪র্থ প্রান্তিকের (এপ্রিল-জুন/২০২২) প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের প্রদত্ত ছক মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করা হয়। সভায় জানানো হয় দপ্তর/সংস্থাসমূহের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের অধিকাংশ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। যেসকল লক্ষ্যমাত্রা এখনও অর্জিত হয়নি তা নির্ধারিত সময়ের (৩০ জুন ২০২২) এর মধ্যে অর্জিত হবে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং প্রয়োজনীয় নির্দেশনা/ফিডব্যাক প্রদান করা হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

30/05/2022

**কে এম আলী আজম**
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়।

নং-০৫.০০.০০০০.১৮২.৯৯.০০১.২০- ৮১৭

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৯
৩০ জুন ২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ) :**

০১. মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি), ৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫;
০২. রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা;
০৩. রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা;
০৪. মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারি কল্যাণ বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা;
০৫. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৬. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা;
০৭. অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৮. মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, নিউ ইস্কাটন, ঢাকা;
০৯. অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি/ সিপিটি/বিধি /শৃঙ্খলা ও তদন্ত/আইন/ সংগঠন ও ব্যবস্থাপনা/সংস্কার ও গবেষণা অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা;
১১. অতিরিক্ত সচিব, শৃঙ্খলা-১ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১২. পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা;
১৩. যুগ্মসচিব (শৃঙ্খলা-২/পিএসিসি), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৪. শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা (বিপিএটিসি/বিসিএস প্রশাসন একাডেমি/বিয়াম ফাউন্ডেশন/বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড/মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর/সরকারি যানবাহন অধিদপ্তর/সরকারী কর্মচারী হাসপাতাল);
১৫. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পি.এ.সি.সি., জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে আপলোড নিশ্চিতকরণের জন্য); এবং
১৭. অফিস কপি/মাস্টার কপি।

৩০/০৬/২২
মেহেদী হাসান
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২২২৩৩৫৪০৮১
dis3@mopa.gov.bd

**২৬ জুন ২০২২ খ্রি.**

**জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক গৃহীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের হাজিরা (স্বাক্ষরের ক্রমানুসারে)**

**৪র্থ প্রান্তিক (এপ্রিল-জুন/২০২২)**

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | পদবি | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ০১. | রথেন্দ্র নাথ বিশ্বাস | রেক্টর | [signature] 26/6/22 |
| ০২. | [illegible] মো: মিজানুর রহমান | মহাপরিচালক [illegible] অধিদপ্তর | [signature] 26/06/2022 |
| ০৩. | ড. মহিউদ্দিন আহমেদ অতিরিক্ত সচিব (প্র: অ:) | — | [signature] 26.06.2022 |
| ০৪. | [illegible] | পরিচালক (রুটিন) সরকারি যানবাহন অধিদপ্তর | [signature] 26.6.2022 |
| ০৫. | ড সুভাষ চন্দ্র বিশ্বাস | যুগ্মসচিব | [signature] 26.06.22 |
| ০৬. | মোহাম্মদ মিজানুর রহমান | যুগ্মসচিব শৃঙ্খলা-২ অধিশাখা | [signature] 26/6/22 |
| ০৭. | মো: আব্দুর রশিদ | পরিচালক (প্র ২য়:) | [signature] 26/6/22 |
| ০৮. | মোহাম্মদ মাহবুবুর রহমান উপসচিব | উপসচিব | [signature] |
| ০৯. | ড. মোহাম্মদ কামরুজ্জামান | উপপরিচালক (প্রশাসন) বিসিএস প্রশাসন একাডেমি | [signature] 26/06/2022 |
| ১০. | [illegible] | | |

**২৬ জুন ২০২২ খ্রি.**

## জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক গৃহীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের হাজিরা (স্বাক্ষরের ক্রমানুসারে) ৪র্থ প্রান্তিক (এপ্রিল-জুন/২০২২)

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | পদবি | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ০১. | মো: আব্দুস সবুর মন্ডল | অতিরিক্ত সচিব (প্রশিক্ষণ) | [signature] |
| ০২. | মো: নজরুল ইসলাম | অতিরিক্ত সচিব (প্রশাসন) | [signature] |
| ০৩. | ড. মোঃ [illegible] | [illegible] | [signature] |
| ০৪. | আবুল কালাম মো: মহিউদ্দিন | অতিরিক্ত সচিব (বিধি) | [signature] |
| ০৫. | [illegible] বেগম | অতিরিক্ত সচিব সংস্কার ও গবেষণা অনুবিভাগ | [signature] ২৬.০৬.২২ |
| ০৬. | | | |
| ০৭. | দেলোয়ারা বেগম | অতিরিক্ত সচিব শৃঙ্খলা-২ অধিশাখা | [signature] ২৬/০৬/২০২২ |
| ০৮. | / | | |
| ০৯. | | | |
| ১০. | | | |

**২৬ জুন ২০২২ খ্রি.**

**জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক গৃহীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের হাজিরা (স্বাক্ষরের ক্রমানুসারে)**

**৪র্থ প্রান্তিক (এপ্রিল-জুন/২০২২)**

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | পদবি | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ০১. | | | |
| ০২. | | | |
| ০৩. | ফাতেমা তুজ জোহরা | উপ-পরিচালক (প্রশাসন) | [illegible] 26.06.22 |
| ০৪. | | | |
| ০৫. | মোহাম্মদ রাকিবুল ইসলাম | পরিচালক প্রশাসন [illegible] | [illegible] 26/6/2022 |
| ০৬. | আবু দাউদ মো: মনজুর সহকারী-পরিচালক | সহকারী-পরিচালক | [illegible] 26/6/22 |
| ০৭. | সারমীন ইয়াসমীন | সিনিয়র সহকারী সচিব বিয়াম ফাউন্ডেশন, ঢাকা, | [illegible] 26.06.22 |
| ০৮. | খাতুনে জান্নাত | উপপরিচালক (প্রশাসন) BPATC, সাভার | [illegible] 26/06/2022 |
| ০৯. | | | |
| ১০. | | | |

**২৬ জুন ২০২২ খ্রি.**

**জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক গৃহীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের হাজিরা (স্বাক্ষরের ক্রমানুসারে)**
**৪র্থ প্রান্তিক (এপ্রিল-জুন/২০২২)**

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | পদবি | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ০১. | | | |
| ০২. | মোঃ তৌহিদ বিন হাসান | সিনিয়র সহকারী সচিব | [signature] 26/06/22 |
| ০৩. | মাসুমে জান্নাত | উপপরিচালক (প্রশা) BPATC, সাভার | [signature] 26/06/2022 |
| ০৪. | মোহাম্মদ রাকিবুল ইসলাম | সহকারী পরিচালক (প্রশা:) বিপিএটিসি | [signature] 23/6/2022 |
| ০৫. | | | |
| ০৬. | | | |
| ০৭. | | | |
| ০৮. | | | |
| ০৯. | | | |
| ১০. | | | |